

মুগ্ধাত্মক

রাজশাহীতে ছুটি ছাড়াই কমিটি নির্বাচনে সরকারি স্কুলশিক্ষকরা

প্রকাশ : ০২ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

 রাজশাহী ব্যুরো

উত্তর্বতন কর্তৃপক্ষের অনুমতি বা ছুটি না নিয়েই কর্মসূল ছেড়ে সোমবার রাজশাহীতে এসেছিলেন বিভাগের আট জেলার সরকারি উচ্চ বিদ্যালয়ের শতাধিক শিক্ষক। শিক্ষক সমিতির নির্বাচনের নামে তাদের ডেকে আনেন রাজশাহী কলেজিয়েট স্কুলের প্রধান শিক্ষক ড. নূরজাহান বেগম। সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির আঞ্চলিক কমিটির কথিত নির্বাচনে আবারও নিজেকে সভাপতি ঘোষণা করেন তিনি।

নাম প্রকাশ না করে একাধিক শিক্ষক জানান, কোনো ধরনের ছুটি না নিয়েই সোমবার রাজশাহী কলেজিয়েট স্কুলে এসে পৌঁছান বিভিন্ন জেলা সমিতির শিক্ষকরা। নির্বাচনী বৈঠক চলে বেলা ১টা থেকে বিকাল সাড়ে ৫টা পর্যন্ত। আগে থেকে শিক্ষকদের স্পষ্ট করে না জানিয়েই এদিনের বৈঠকে কমিটি গঠন করেন সভাপতি নূরজাহান। নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক শিক্ষকের দাবি, নূরজাহান পকেট কমিটি গঠন করেছেন।

আগের কমিটির সাধারণ সম্পাদক ছিলেন রাজশাহী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবদুস সাত্তার। এবারের কমিটিতেও তিনি ওই পদে রয়েছেন। রাজশাহী জেলা কমিটির প্রচার সম্পাদক ও নগরীর পিএন সরকারি উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোশাররফ হোসেনকে এই কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক করা হয়েছে। তিনি জানান, সিলেকশন নিয়ে কথা উঠতেই তিনি সাধারণ সম্পাদক পদে নির্বাচনের ইচ্ছা পোষণ করেন। কিন্তু তাকে যুগ্ম সম্পাদক পদ দেয়া হয়।

ছুটি না নিয়ে বৈঠকে অংশ নেয়ার বিষয়টি স্বীকার করেছেন মোশাররফ। তবে তার দাবি, সোমবার একটি জাতীয় দিবসের কর্মসূচিতে জেলা প্রশাসকের দফতরে তাকে পাঠিয়েছিলেন প্রতিষ্ঠান প্রধান। সেই অনুষ্ঠান শেষে তিনি বিদ্যালয়ে গিয়েছিলেন। ছুটি না নেয়ার বিষয়টি স্বীকার করেছেন সমিতির সাধারণ সম্পাদক আবদুস সাত্তারও। তিনি জানান, তার প্রতিষ্ঠানের প্রধানসহ আরও তিনি শিক্ষকের কেউই ছুটি নেননি। তার দাবি, শহরের বাইরে থেকে যারা এসেছেন, তারা সকাল শিফটের শিক্ষক। আর নগরী থেকে যারা অংশ নিয়েছেন তারা বিকাল শিফটে। সবাই বিদ্যালয়ের কার্যক্রম শেষ করে বৈঠকে অংশ নেন।

এ বিষয়ে জানতে মোবাইল ফোনে কয়েক দফা চেষ্টা করেও সমিতির সভাপতি নূরজাহান বেগমকে পাওয়া যায়নি। বিষয়টি নিয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর রাজশাহী অঞ্চলের উপপরিচালক ড. শরমিন ফেরদৌস চৌধুরী বলেন, এমন বৈঠক আয়োজনের কথা জানা নেই।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিস্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯। এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

